

এই সময়

রাজনৈতিক সংবাদ ও
আপডেটেড খবরে No.1*

এই সময় সাপ্তাহে ফোন করুন টোল ফ্রি ১৮০০ ১২০০ ০০৪

সং বা দ প ত্র

অথবা ক্লিক করুন subscribe.times

YOUNG BENGAL

GLOBAL BENGALI

এই রাজ্য

৫

অনন্য কৃতিত্ব

এই সময়: বছর একুশের শেখ শাহবাগের শরীরে মারণ ক্যান্সার জাকিয়ে বসেছিল। অস্থিমজ্জা প্রতিস্থাপন বা বোন ম্যারো ট্রান্সপ্লান্টের মাধ্যমে তাঁর জীবনরক্ষা করেছেন শহরের একটি বেসরকারি হাসপাতালের চিকিৎসকেরা। দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবার সদরপোলের বাসিন্দা সুমিত্রা মণ্ডলের ক্ষেত্রেও তা-ই ঘটেছে। ঠাকুরপুকুরের সরোজ গুপ্ত ক্যান্সার হাসপাতালে সম্ভব হয়েছে এ সব। মঙ্গলবার কলকাতা প্রেস ক্লাবে হাসপাতালের কর্তারা জানান, ২০১৩ থেকে এই হাসপাতালে শুরু হয়েছে এই চিকিৎসা। গত আট বছরে ৭৫ জন ক্যান্সার রোগীর অস্থিমজ্জা প্রতিস্থাপন হয়েছে। কোভিড অতিমারীর সময়েও ১১ জন ক্যান্সার রোগীর সফল অস্থিমজ্জা প্রতিস্থাপন হয়েছে। প্রেস ক্লাবে উপস্থিত ছিলেন চিকিৎসক অর্পণ গুপ্ত, অজ্ঞান গুপ্ত এবং অস্থিমজ্জা প্রতিস্থাপন বিশেষজ্ঞ পার্থপ্রতিম গুপ্ত। অর্পণ বলেন, 'সারা দেশ এবং কলকাতার বিভিন্ন বেসরকারি হাসপাতালে অস্থিমজ্জা প্রতিস্থাপন করতে যা খরচ, আমাদের হাসপাতালে খরচ তার থেকে অন্তত পঞ্চাশ শতাংশ কম। আমাদের হাসপাতালের যাত্রা শুরুই হয়েছিল আর্থিক ভাবে পিছিয়ে পড়াদের চিকিৎসার স্বার্থে।' অনুষ্ঠানে হাসপাতালের প্রতিষ্ঠাতা প্রয়াত চিকিৎসক সরোজ গুপ্তের বিভিন্ন লেখা নিয়ে 'ডাক্তার সরোজ গুপ্ত রচনাসংগ্রহ'ও প্রকাশিত হয়।